Doc No: Info 03

**MORAL PARENTING TRUST**

## নতুন বৃত্তিপ্রাপ্ত ছাত্রছাত্রীদের জন্য নির্দেশিকা

Moral Parenting Trust এর বৃত্তির জন্য প্রাথমিকভাবে নির্বাচিত হওয়ায় তোমাকে অভিনন্দন! আশাকরি এই বৃত্তি তোমার পড়াশুনার উন্নতি সহ স্বপ্ন পূরণে সহায়ক হবে। মহান সৃষ্টিকর্তার প্রতি অসীম কৃতজ্ঞতা!

Moral Parenting (নৈতিক অবিভাবকত্ব) এর নতুন সদস্য হিসাবে এই ট্রাস্ট সম্পর্কে তোমার স্বচ্ছ ধারনা থাকা প্রয়োজন। Moral Parenting এর কন্সেপ্ট, বৃত্তির টাকা কোথা থেকে আসে, কিভাবে তোমাকে তা দেওয়া হবে, তোমার দায়িত্ব-ই বা কি এই বিষয়গুলো এখানে সংক্ষেপে আলোচনা করা হলো; এগুলো মন দিয়ে পড়বে এবং সবসময় মেনে চলবে।

প্রথমে কিছু টার্মের সাথে পরিচয় করে দেইঃ Moral Child (নৈতিক সন্তান)= বৃত্তিপ্রাপ্ত ছাত্রছাত্রী, Moral Parent (নৈতিক অভিভাবক)= বৃত্তি দাতা (তোমার মা-বাবা'র বিকল্প বা সমকক্ষ নন); Volunteer = শিক্ষক/ স্থানীয় কোন ব্যক্তি, যার কাছ থেকে তুমি বৃত্তির টাকা নিবে; Campus Advisor = ট্রাস্টের পক্ষ থেকে বিভিন্ন এলাকার মোরাল চিলড্রেনদের ভাল মন্দ খোঁজ খবর রাখার জন্য দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি; Coordinator= ট্রাস্টের সকল কার্যক্রমের সমন্বয়কারী।

Moral Parenting Trust একটি নৈতিক সংস্থা; সমাজের কিছু সাদা মনের মানুষ মিলে এটি পরিচালনা করছেন। এই ট্রাস্টের উদ্দেশ্য -"সমাজের বিভিন্ন স্তরের মানুষের মধ্যে আত্মিক সম্পর্ক প্রতিষ্ঠার মাধ্যমে সুস্থ, সুন্দর এবং নৈতিক সমাজ প্রতিষ্ঠায় অবদান রাখা"। এটি শুধুমাত্র বৃত্তি প্রদানকারী কোন সংগঠন নয়; বৃত্তি প্রদানের পাশপাশি সম্ভাব্য সকল উপায়ে সহায়তা বা প্যারেন্টিং করে ছাত্রছাত্রীদের ভাল মানুষ হিসাবে প্রতিষ্ঠা করাই আমাদের উদ্দেশ্য। এখন যেমন মোরাল প্যারেন্টগণ মোরাল চাইল্ডদের পাশে দাঁড়াচ্ছেন, তেমনি মোরাল চাইল্ডরাও ভবিষ্যতে প্রতিষ্ঠিত হয়ে মোরাল প্যারেন্টদের সাথে যোগাযোগ রাখবে এবং সমাজের কল্যানে কাজ করবে এটি আমাদের প্রত্যাশা।

### বৃত্তির টাকা কোথা থেকে আসে?

এই ট্রাস্টের নিজস্ব কোন ফান্ড নেই; সরকারী/বেসরকারী বা বিদেশী কোন সংস্থা থেকেও অনুদান নেওয়া হয় না। এই বৃত্তি একজন মানুষ তোমাকে দিচ্ছেন; তিনি আমাদের মতই সাধারন কিন্তু মহৎপ্রাণ একজন মানুষ। তিনি তার নৈতিক অবস্থান থেকে নিঃস্বার্থ ভাবে তোমাকে সাহায্য করছেন। সহজভাবে বললে, আমরা আমাদের সন্তানদের বা ছোট ভাইবোনকে যেমন প্রতিপালন করি, একই ভাবে সমাজের কিছু ছেলেমেয়ে যারা পড়াশুনায় খুব ভাল, মানুষ হিসাবেও ভাল কিন্তু বাবা/মা মারা যাবার কারনে বা শারীরিক প্রতিবন্ধি হবার কারণে বা অতি দরিদ্র পরিবারের সন্তান হবার কারনে আর্থিক সমস্যায় পড়াশুনার ক্ষতি হচ্ছে তাদের কিছুটা আর্থিক সহায়তা, কিছুটা গাইডেন্স দিয়ে প্রতিষ্ঠিত হতে সাহায্য করি। তোমাকে যিনি বৃত্তির টাকাটা দিবেন তার নাম এবং সংক্ষিপ্ত পরিচয় তোমাকে বলা হয়েছে; এই নামটা অবশ্যই মনে রাখবে। একজন অপরিচিত মানুষ নিঃস্বার্থ ভাবে তোমার পাশে দাঁড়িয়েছেন, তার প্রতি তোমার কৃতজ্ঞ থাকা উচিত। উনাকে সবসময় শ্রদ্ধা করবে; স্যার / ম্যাডাম বলে সম্বোধন করবে।

### এখন তোমাকে যা করতে হবেঃ

তোমার Moral Parent তোমার রেজাল্ট এবং পড়াশুনায় আগ্রহের কথা শুনে তোমাকে বৃত্তি দেওয়ার জন্য প্রাথমিক ভাবে মনোনীত করেছেন; এখন তোমাকে নিম্নোক্ত চারটি ডকুমেন্টস অতি শীঘ্র পাঠাতে হবে। আমরা এগুলো তাঁকে পাঠানোর পর তিনি (সন্তুষ্টি সাপেক্ষে) তোমার বৃত্তি কনফর্ম করবেন। প্রতিটি ফর্ম আন্তরিকতার সাথে পূরণ করে তার স্ক্যান কপি অথবা স্পষ্ট ছবি তুলে তা moralparenting@gmail.com ইমেইলে ২-৩ দিনের মধ্যে পাঠিয়ে দিবে; মুল কপি পরে তোমার ভলেন্টিয়ারের কাছে জমা দিবে।

(১) **তোমার বিস্তারিত তথ্য** (Form-02)ঃ তোমার জন্য প্রযোজ্য প্রতিটা তথ্য আন্তরিকতা ও সততার সাথে পুরণ করবে এবং কোন তথ্য গোপন করবে না। মূল মার্কশীট ভলেন্টিয়ার বা শিক্ষককে দেখিয়ে নির্ধারিত স্থানে তাঁর স্বাক্ষর নিবে।

(২) **প্রতিশ্রুতি** (Form-03)ঃ ফর্মে লেখা প্রতিশ্রুতি দিয়ে তুমি Moral Parenting এর বৃত্তি গ্রহন করছ। এগুলো পড়ে ছাত্রছাত্রী এবং তার অভিভাবক সম্মতিসূচক স্বাক্ষর করবেন। যুক্তিযুক্ত কোন কারনে অভিভাবক বা ভলেন্টিয়ারের স্বাক্ষর নেওয়া সম্ভব না হলে উক্ত স্থানে তোমার পূর্বের বা বর্তমান শিক্ষা প্রতিষ্ঠানের কোন শিক্ষক এর স্বাক্ষর নিবে।

(৩) **চিঠি** (Form-04)ঃ চিঠির শুরুতে তুমি তোমার Moral Parent এর পূর্ণ নাম লিখে তাকে স্যার বা ম্যাডাম সম্বোধন করবে। বৃত্তির জন্য তোমাকে মনোনিত করার জন্য তাঁকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়ে নির্দেশনা অনুযায়ী সুন্দর করে একটি চিঠি লিখবে। তোমার সমস্যার কথা, বৃত্তি পেয়ে তোমার অনুভুতি, ভবিষ্যৎ পরিকল্পনা বিস্তারিত লিখবে। (এরকম একটা চিঠি তোমাকে প্রতি দু'মাস পরপর বৃত্তির টাকা হাতে পেয়ে লিখতে হবে, সেই চিঠি গুলোও আন্তরিকতার সাথে লিখবে কারন এটাই তোমার সাথে তোমার Moral Parent এর সম্পর্ক উন্নয়নের অন্যতম মাধ্যম।)

(৪) **ফুল সাইজ ছবিঃ** স্কুল-কলেজের স্টুডেন্টরা তার নিজের বাড়ির সামনে দাঁড়িয়ে এবং ভার্সিটির স্টুডেন্টরা তার ভার্সিটির পরিচিত কোন জায়গায় দাঁড়িয়ে মোবাইলে বা ক্যামেরায় একটা ছবি তুলবে যেন তোমার চেহারা ভাল ভাবে বুঝা যায়। এই ছবিটি (প্রিন্ট করতে হবে না) উপরোক্ত ডকুমেন্ট এর সাথে ইমেইল করে পাঠাতে হবে।

(৫) **মার্কশীটঃ** তুমি আবেদন পত্রে যে রেজাল্টের কথা লিখেছিলে তার সমর্থনে মার্ক শীটের কপি জমা দিবে।

(আবেদনপত্র অবশ্যই সত্যায়ন করতে হবে; যথাযথ সত্যায়ন ছাড়া আবেদন গ্রহণযোগ্য হবে না। সত্যায়ন করতে পারবেঃ ছাত্রছাত্রীর যেসকল শিক্ষা প্রতিষ্ঠানে পড়াশুনা করেছে তার প্রধান শিক্ষক বা বিভাগীয় প্রধান, মোরাল প্যারেন্টিং এর মোরাল চাইল্ড, ভলেন্টিয়ার, মোরাল প্যারেন্ট)

**বৃত্তি চলাকালীন সময়ে Moral Child দের অবশ্য পালনীয় দায়িত্ব ঃ**

১। Moral Child প্রতি মাসে কমপক্ষে একবার তার Volunteer কে ফোন করে বা সরাসরি দেখা করে নিজের পড়াশুনা সহ অন্যান্য বিষয় অবহিত করবে।

২। Moral Child প্রতি দুইমাস পর পর বৃত্তির টাকা নেওয়ার সময় তার Moral Parent কে ধন্যবাদ জানিয়ে নিজ হাতে একটি চিঠি লিখে তা Volunteer এর কাছে দিবে। ভলেন্টিয়ার তাঁর কমেন্ট লিখে সফটওয়ারে আপলোড করবেন যা মোরাল প্যারেন্ট তাঁর একাউন্টে দেখতে পারবেন। টাকা নেওয়ার সময় চিঠি আগে দিয়ে টাকা নিতে হবে। চিঠি নির্ধারিত ফরম্যাটে (Form 05) লিখবে, (ফর্ম ওয়েবসাইটে আছে); এমন কি সাদা কাগজেও চিঠি লেখা যাবে; কিন্তু চিঠি না লেখার কোন অজুহাতই গ্রহনযোগ্য হবে না।

৪। দুই সেশনের মধ্যবর্তী সময়ে যে সকল পরীক্ষার (ক্লাশ টেস্ট বা ফাইনাল যাই হোক) ফলাফল দিবে তা পরবর্তী সেশনে বৃত্তি পেয়ে লেখা চিঠির নির্ধারিত স্থানে লিখতে হবে।

৫। এছাড়াও Moral Child তার নিজের বা পরিবারের বিশেষ কোন সুখবর বা দুঃসংবাদ বা অন্য প্রয়োজন থাকলে তা লিখে জানাতে পারে।স

৬) Moral Children রা আমাদের ফেসবুক গ্রুপ (পেইজ নয়) Moral Parenting Group (https://www.facebook.com/groups/159185771342463/) এ যুক্ত থাকবে এবং মাসে কমপক্ষে একটি পোষ্ট দিবে, এবং মোরাল প্যারেন্টিং এর পোষ্টে কমেন্ট বা শেয়ার দিবে। তোমার কোন ভাল রেজাল্ট/সফলতা/ভাল কাজ; Moral Parenting সম্পর্কে তোমার অনুভূতি; তোমার এলাকার নতুন ছাত্রছাত্রীদের তথ্য ইত্যাদি জানিয়ে পোষ্ট দিতে পার।

৭) প্রতি এলাকায়/ভার্সিটিতে মোরাল চিলড্রেনদের অধীনে একটা Messenger গ্রুপ আছে, সেখানে সবাই অবশ্যই যুক্ত থাকবে।

*বিঃ দ্রঃ কোন ছাত্র ছাত্রী যদি পরীক্ষায় ফলাফল খুব খারাপ করে, অথবা উপরোক্ত দায়িত্বগুলো যথাযথ ভাবে পালনে গাফিলতি করে তাহলে ধরে নেওয়া হবে সে Moral Parenting এর ব্যাপারে আন্তরিক নয় এবং এই বৃত্তিরও তার প্রয়োজন নেই। সেক্ষেত্রে উক্ত ছাত্রছাত্রীর বৃত্তি বাতিল সহ যে কোন সিদ্ধান্ত নেওয়া হতে পারে।*

**আরো কিছু বিষয়ঃ**

- প্রতি আগস্ট, অক্টোবর, ডিসেম্বর, ফেব্রুয়ারী, এপ্রিল, জুন মাসের প্রথম সপ্তাহে দুই মাসের বৃত্তি একত্রে দেওয়া হবে। বিশেষ কারণ ছাড়া টাকা ভলেন্টিয়ারের কাছ থেকে নিতে হবে। প্রথম সপ্তাহের মধ্যে বৃত্তি না পেলে Coordinator কে SMS করে জানাবে।
- তোমাকে তোমার স্থানীয় ভলেন্টিয়ারের নাম জানিয়ে দেওয়া হয়েছে বা হবে। এটা না জানা পর্যন্ত ভলেন্টিয়ারের অংশে স্থানীয় কোন শিক্ষকের স্বাক্ষর নিবে।
- ভর্তি / রেজিস্ট্রেশন / অসুখ বিসুখ বা অন্য কোন প্রয়োজনে হঠাত অতিরিক্ত টাকা লাগলে তা Coordinator কে জানাতে পার। অনেক সময় Moral Parent হেল্প করে থাকেন, কিন্তু এটি নিয়মিত বা সবার জন্য নয়। কিন্তু কোন অবস্থাতেই মোরাল প্যারেন্টের কাছে প্রত্যক্ষ বা পরোক্ষ ভাবে অতিরিক্ত টাকা চাওয়া যাবে না।
- আমাদের Moral Parent এবং Volunteer সহ সকল সদস্য মহৎ হৃদয়ের সাদা মনের মানুষ। আমরা সবাই সম্পূর্ণ নিঃস্বার্থ ভাবে শুধুমাত্র নৈতিক কারনে তোমাদের সহায়তা করছি। তাই উনাদের উপর তোমাদের কৃতজ্ঞ থাকা উচিত। তবে কেও (সে যে-ই হোক না কেন) কখনো যদি তোমাদের সাথে অস্বাভাবিক বা অনৈতিক বা অশ্লীল বা অসামাজিক কোন আচরণ করে বা কথা বলে বা ইংগিত করে তাহলে তা সাথে সাথে Coordinator কে জানাবে। এতে তোমার বৃত্তি বাতিল হবে না, বরং তোমরা সম্ভাব্য বিপদ থেকে রক্ষা পাবে। তবে তুমি নিজে যদি কোন খারাপ কাজের সাথে জড়িত হও তাহলে তোমার বৃত্তি বাতিল হবে।
- বৃত্তি জোগাড় করে দেওয়া আমাদের দায়িত্ব তবে সেটা ধরে রাখা তোমার দায়িত্ব; রেজাল্ট খারাপ করলে বা নিয়মিত চিঠি না লিখলে বা কোন খারাপ কাজের সাথে জড়িত হলে বৃত্তি বাতিল হবে।
- Moral Parenting এর মত একই রকম কনসেপ্ট নিয়ে কাজ করা অন্য কোন বেসরকারি প্রতিষ্ঠান থেকে বৃত্তি পেলে এই বৃত্তি নেওয়া যাবে না। এক্ষেত্রে উভয় বৃত্তি বাতিল হয়ে যাওয়ার সম্ভাবনা থাকবে। সরকারী বৃত্তি বা ব্যাংক থেকে বৃত্তি পেলে এই বৃত্তি নেওয়া যাবে, তবে সেটা আমাদের জানাতে হবে।
- প্রাথমিক ভাবে এক বছরের জন্য বৃত্তি দেওয়া হলো; এটা পরবর্তীতে তোমার পারফর্মেন্স বিবেচনা করে বৃদ্ধি করা হতে পারে। এমন কি তোমার প্রতিষ্ঠিত হওয়া পর্যন্ত এই বৃত্তি পেতে পার।
- Moral Parenting এর বৃত্তি পাওয়াকে তুমি গর্বের হিসাবে নিবে কারন এটি তোমার কষ্টার্জিত রেজাল্টের উপর ভিত্তি করে দেওয়া হয়েছে। ভবিষ্যতে তুমিও প্রতিষ্ঠিত হয়ে অন্যকে সাহায্য করবে এমন মানসিকতা থাকতে হবে।
- দেশের আইন বিরোধী বা মানুষের ক্ষতিকর কোন কাজের সাথে জড়িত হওয়া যাবে না। কোন অবস্থাতেই জংগী-সন্ত্রাসী কার্যক্রমের সাথে যুক্ত থাকা যাবে না। তোমার কোন অপকর্মের দায় কোন অবস্থাতেই মোরাল প্যারেন্টিং ট্রাস্ট নিবে না।

যে কোন প্রয়োজনে, যে কোন সময় Dr. Mahbub, 01990331099 কে SMS করতে পার (প্রথমেই ফোন না করতে অনুরোধ করা হচ্ছে)।

সৃষ্টিকর্তা আমাদের মনের সৎ ইচ্ছা পূরণ করুন!

ডঃ মোঃ মাহবুবর রহমান

Coordinator এবং প্রতিষ্ঠাতা, মোরাল প্যারেন্টিং ট্রাস্ট। Phone: 01990331099; Email: moralparenting@gmail.com